

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২  
কাশীনাথপুর, পাবনা



“ফ্রিল্যান্সার ওয়্যারিং পরিদর্শক আবশ্যিক”

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন গ্রাহক সংযোগ সহজীকরণের লক্ষ্যে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ “পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ” ব্যবস্থা চালু করা হয়েছে। উক্ত সংযোগ ব্যবস্থায় অনলাইনে হাউজ ওয়্যারিং পরিদর্শন এবং রিপোর্টিং করার লক্ষ্যে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের ইস্যুকৃত ন্যূনতম বিসি (BC) লাইসেন্সধারী এবং ইন্টারনেট ব্যবহারে পারদর্শী ইলেকট্রিশিয়ানদেরকে স্থানীয় পর্যায়ে ওয়্যারিং ফ্রিল্যান্সার হিসেবে মনোনয়ন দেয়া হবে। মনোনীত ওয়্যারিং ফ্রিল্যান্সারদেরকে বাপবিবো/পবিস কর্তৃক প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী ওয়্যারিং ফ্রিল্যান্সারগণ হাউজওয়্যারিং পরিদর্শন ও রিপোর্টিং পূর্বক বাপবিবো/পবিস কর্তৃক নির্ধারিত হারে সংশ্লিষ্ট গ্রাহকদের নিকট হতে সম্মানি/পারিশ্রমিক গ্রহণ করবেন। উল্লেখ্য, এ জন্য বাপবিবো/পবিস কর্তৃক ফ্রিল্যান্সার ওয়্যারিং পরিদর্শকগণকে কোন প্রকার সম্মানি/পারিশ্রমিক বা আর্থিক সুবিধা প্রদান করা হবে না এবং তারা বাপবিবো/পবিসের কোন ধরনের কর্মচারী হিসেবে বিবেচিত হবেন না। অগ্রহী ইলেকট্রিশিয়ানগণকে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ,সাম্প্রতিক কালের তোলা ২(দুই) কপি রসিদ পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা/ নাগরিকত্বের সনদপত্র , বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের ইস্যুকৃত লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সহ (নাম সম্বলিত সীল দ্বারা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) আবেদন পত্র (আবেদন ফরম [www.pabnapbs2.org.bd](http://www.pabnapbs2.org.bd) থেকে ডাইনলোড করুন) নিম্নোক্ত ঠিকানায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

এজিএম (সদস্য সেবা)

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশীনাথপুর, পাবনা

মোবাইল নং-০১৭৬৯-৪০০৭১৯

২৩/০৭/১৮

(মোঃ আশিকুজ্জামান)  
এ জি এম (সদস্য সেবা)  
পাবনা পবিস-২

